

# দুয়ারে সরকার ক্যাম্পেনে কন্যাশ্রী বিষয়ক কর্মপদ্ধতি নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ দপ্তর

## কন্যাশ্রী হেল্প ডেস্ক-এ কি কি থাকবে?

কন্যাশ্রী প্রকল্পের হেল্প ডেস্ক-এ নিম্নলিখিত জিনিসগুলো থাকবে-

- ডেস্কটপ/ল্যাপটপ ও ইন্টারনেটে সংযোগ করার জন্য ডঙ্গল (Dongle),
- কন্যাশ্রীর স্যাম্পেল ফর্ম,
- কন্যাশ্রীর IEC (তথ্যসহ ব্যানার/পোস্টার/লিফলেট),
- কন্যাশ্রীর ফর্ম জমা দেওয়ার সময় যে যে নথি দরকার তার তালিকা,
- প্রয়োজনীয় স্টেশনারি।

## কন্যাশ্রী হেল্প ডেস্ক থেকে কি কি পরিষেবা দেওয়া হবে?

ক) যদি কেউ কন্যাশ্রী প্রকল্প সম্পর্কে জানতে চায়, তাদেরকে সেই সব তথ্য সরবরাহ করতে হবে।

খ) যদি কেউ কন্যাশ্রী প্রকল্পে আবেদন করতে চায়, তার নাম ও অন্যান্য তথ্য লিখে নিয়ে এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে তাকে কন্যাশ্রীতে দাখিল করতে হবে।

গ) যদি কেউ কোনো অভিযোগ নিয়ে আসে, তবে তার কন্যাশ্রী ID-টা নিয়ে সাহায্যে কন্যাশ্রী পোর্টালের সাহায্যে সমাধান করতে হবে।

## হেল্প ডেস্ক-এ কারা থাকবেন ?

- কন্যাশ্রী প্রকল্পের ডাটা ম্যানেজাররা ডেস্কে বসবেন। তাদের সঙ্গে থাকবেন ব্লকের এক্সটেনশন অফিসার ও অন্যান্য কর্মীরা,
- ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট ক্যাম্পের সামগ্রিক তত্ত্বাবধানের জন্য সিনিয়র অফিসার নিয়োগ করবেন।

## কন্যাশ্রী প্রকল্পের গাইডলাইন - একনজরে :-

পশ্চিমবঙ্গ সরকারের এই গুরুত্বপূর্ণ প্রকল্পটি মাননীয় মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায় ২০১৩ সালের অক্টোবর মাসে চালু করেন।

## কারা এই প্রকল্পের উপভোক্তা?

যে কোনও মেয়ে

- অবিবাহিতা এবং
- যার বয়স ১৩ থেকে ১৯ এর মধ্যে এবং
- যে পশ্চিমবঙ্গের বাসিন্দা এবং
- যে সরকার স্বীকৃত কোনো প্রতিষ্ঠানে পাঠরতা এবং
- যার নিজের নামে একটা ব্যাঙ্ক অ্যাকাউন্ট আছে।

## এই প্রকল্পের সুবিধা কি ?

এই প্রকল্পের দুটি বিভাগ :

- ১) বাৎসরিক অনুদান (K1) - অষ্টম শ্রেণী বা তার উর্ধ্বে পাঠরতা ১৩ থেকে ১৮ বছরের অবিবাহিতা মেয়েরা K1 পাওয়ার উপযুক্ত ও বাৎসরিক ১০০০ টাকা (এক হাজার টাকা) পাবে।
- ২) এককালীন অনুদান (K2) - অষ্টম শ্রেণী বা তার উর্ধ্বে পাঠরতা ১৮ থেকে ১৯ বছরের অবিবাহিতা মেয়েরা K2 পাওয়ার উপযুক্ত ও এককালীন ২৫০০০ টাকা (পঁচিশ হাজার টাকা) পাবে।

যোগ্য মেয়েরা প্রকল্পের সুবিধা পাওয়ার জন্য তাদের স্কুল/কলেজ-এ আবেদনপত্র জমা দেবে।

আবেদনপত্রের সঙ্গে এই নথিগুলি জমা দিতে হবে:

- (a) বাবা-মা/আইনি-অভিভাবকের তোটার কার্ডের ফটোকপি,

- (b) উপযুক্ত কর্তৃপক্ষের থেকে গৃহীত জন্মের নথির ফটোকপি,
- (c) আবেদনকারীর বৈবাহিক অবস্থার ঘোষণা (বয়স ১৮-র কম হলে মা-বাবা বা আইনি অভিভাবক দেবে, ১৮-র বেশি বয়স হলে আবাদনকারী দেবে),
- (d) ব্যাঙ্ক অ্যাকাউন্টের দরকারি তথ্যসহ পাশবইয়ের পাতার ফটোকপি,
- (e) আবেদনকারী যদি ১৩ বছর বা তার বেশি (১৯ বছর বয়সের মধ্যে) বয়সের হয় কিন্তু অষ্টম শ্রেণীর নিচে পাঠরতা হয় এবং তার ৪০% বা তার বেশি প্রতিবন্ধকতা থাকে তবে উপযুক্ত কর্তৃপক্ষের থেকে গৃহীত 'প্রতিবন্ধকতার শংসাপত্র'র ফটোকপি,
- (f) সাদা ব্যাকগ্রাউন্ডে রঙ্গিন পাসপোর্ট ছবি।

ফর্ম সংশ্লিষ্ট প্রতিষ্ঠান (স্কুল/কলেজ) থেকে পাওয়া যাবে।

আবেদন অনুমোদিত (sanction) হলে টাকা সরাসরি উপভোক্তার ব্যাঙ্ক অ্যাকাউন্টে জমা পড়বে। সমস্ত তথ্যের জন্য কন্যাশ্রী ওয়েবসাইট [www.wbkanyashree.gov.in](http://www.wbkanyashree.gov.in) দেখতে হবে।

বর্তমানে কন্যাশ্রী প্রকল্পের ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ বছর দুটি খোলা আছে।

২০১৯-২০২০-র জন্য যোগ্যতা : K1-র ক্ষেত্রে ১ এপ্রিল ২০০২ থেকে ৩১ মার্চ ২০০৭ এর মধ্যে ও K2-র ক্ষেত্রে ১ এপ্রিল ২০০১ থেকে ৩১ মার্চ ২০০২-এর মধ্যে জন্ম হতে হবে।

২০২০-২০২১ -র জন্য যোগ্যতা: K1-র ক্ষেত্রে ১ এপ্রিল ২০০৩ থেকে ৩১ মার্চ ২০০৮ এর মধ্যে ও K2-র ক্ষেত্রে ১ এপ্রিল ২০০২ থেকে ৩১ মার্চ ২০০৩-এর মধ্যে জন্ম হতে হবে।

এর আগের বছরগুলোর আবেদন প্রক্রিয়া এখন বন্ধ হয়ে গেছে।

### কর্মপদ্ধতি/দায়িত্ব :

ডেস্কের কর্মীদের জন্য-

- ক) যদি কেউ কন্যাশ্রী প্রকল্প সম্পর্কে জানতে চায়, তাদের বুঝিয়ে বলতে হবে ও কন্যাশ্রী প্রকল্পের তথ্য সম্বলিত (IEC) দিতে হবে,
- খ) যদি কেউ কন্যাশ্রী প্রকল্প আবেদন করতে চায়, তার নাম, বয়স, স্কুল/কলেজের নাম, ফোন নং ইত্যাদি লিখে নিতে হবে। তাকে কন্যাশ্রীতে দাখিল করার বিষয়ে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণের আশ্বাস দিতে হবে। সাথে সাথে সংশ্লিষ্ট স্কুল/কলেজ কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে তার কন্যাশ্রীর সুবিধা পাওয়ার বিষয়টি নিশ্চিত করতে হবে,
- গ) যদি কেউ টাকা পাওয়া বা অন্য অভিযোগ নিয়ে আসে, তার ২০ সংখ্যার কন্যাশ্রী ID-টা নিয়ে কন্যাশ্রী পোর্টাল [www.wbkanyashree.gov.in](http://www.wbkanyashree.gov.in)-এ তার আবেদনপত্রের পরিস্থিতি দেখে নিয়ে তাকে জানাতে হবে। কোনো জটিলতা থাকলে সংশ্লিষ্ট স্কুল/কলেজ/ব্লক/সাব-ডিভিশন/জেলা-র সঙ্গে যোগাযোগ করে মিটিয়ে দিতে হবে।

### District Organiser-দের ভূমিকা:

- কন্যাশ্রী ডেস্ক গঠন ও সমস্ত প্রয়োজনীয় জিনিসের ব্যবস্থা করা
- কর্মীদের নিয়োগ করা
- প্রকল্প বিষয়ে কর্মীদের যথোপযুক্ত প্রশিক্ষণ দেওয়া

